



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১০০

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: টেলিযোগাযোগ অধিদপ্তরের জুন, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে জুন, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা আগামী ১৪-০৬-২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নম্বর ৪০৩) অনুষ্ঠিত হবে।


সভার আলোচ্যসূচী চূড়ান্তকরণের নিমিত্তে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডাসমূহ উপপরিচালক (প্রশাসন) এর ইমেইলে (dd.admin@telecomdept.gov.bd) আগামী ১৩/০৬/২০২২ তারিখ বিকাল ০৩:৩০ ঘটিকার মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত সভায় অধিদপ্তরের সহকারি পরিচালক / সমপর্যায় (৯ম গ্রেড) ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করবেন।

খসড়া আলোচ্যসূচী নিম্নরূপ-

- ০১) পূর্ববর্তী সমন্বয় সভার কার্য বিবরণী পাঠ, অনুমোদন ও দৃঢ়ীকরণ।
- ০২) সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের অগ্রগতি।
- ০৩) সিটিডিআর সেন্টারের সার্বিক কার্যাবলীর মাসিক প্রতিবেদন।
- ০৪) অধিদপ্তরের প্রদত্ত সেবা বিষয়ক মাসিক মনিটরিং প্রতিবেদন।
- ০৫) বিবিধ।

সংযুক্তি : পূর্ববর্তী সভার কার্যবিবরণী।



১২-৬-২০২২

মোঃ মফিজ উদ্দিন

পরিচালক

ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০

ফ্যাক্স: 880-2-9830922

ইমেইল:

dir.admin@telecomdept.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ) (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী (সকল)/ চীফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের নিমিত্তে)
- ৫) সিনিয়র সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬) বিভাগীয় প্রকৌশলী (প্রশাসন-১), টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৮) সহকারী পরিচালক (প্রশাসন-২), টেলিযোগাযোগ অধিদপ্তর (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৯) অফিস কপি।